অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/12/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল 12-18 আগস্ট সেফ + সাউন্ড সপ্তাহ চলাকালে কর্মীদের নিরাপত্তার প্রসার করলেন

নিউ ইয়র্ক স্টেট শ্রম বিভাগ চরম তাপে ঘরের বাইরের কর্মীদের সুরক্ষিত রাখতে নতুন নির্দেশনা প্রদান করেছে, এখানে উপলভ্য আছে

নিউ ইয়র্ক স্টেটের কর্মী ক্ষতিপূরণ বোর্ড কর্মক্ষেত্রের নিরাপত্তা ও কর্মচারীর অধিকার সম্পর্কে বিনামূল্যে ওয়েবিনার আয়োজন করে

গভর্নর ক্যাথি হোকল পুরো স্টেটের কর্মীদের স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিত করার জন্য নিউ ইয়র্ক স্টেটের উদ্যোগ ও কর্মসূচি তুলে ধরার মাধ্যমে 12-18 আগস্ট পর্যন্ত চলমান জাতীয় সেফ + সাউন্ড সপ্তাহের (National Safe + Sound Week) সূচনা করলেন। এর মধ্যে রয়েছে চরম তাপ থেকে ঘরের বাইরের কর্মীদের নিরাপদ রাখার ব্যাপারে নিউ ইয়র্কের চাকরিদাতাদের জন্য স্টেটের শ্রম বিভাগের (Department of Labor) নতুনভাবে তৈরি নির্দেশনা। কর্মক্ষেত্রে চরম তাপের বিপদের ফলে দুর্ঘটনা, অসুস্থতা, আহত হওয়া, এবং মৃত্যুর হার বৃদ্ধি পায়। বর্ধিত কর্মী ক্ষতিপূরণ দাবি, বীমার ব্যয়, কর্মীর সবেতন অসুস্থতার ছুটি ব্যবহার, এবং সার্বিক হ্রাসকৃত বা কমে যাওয়া কর্মী উৎপাদনশীলতার মাধ্যমে এটি ব্যবসাকে প্রভাবিত করতে পারে। নতুন এই নির্দেশনাটি ব্যাখ্যা করে কীভাবে তাপ ইনডেক্স পরিমাপ করা হয় এবং তাপ ইনডেক্স যখন 80 ডিগ্রি ফারেনহাইট বা তার বেশি হয় তখন চাকরিদাতাকে কী পদক্ষেপ গ্রহণ করতে হবে তার বিস্তারিত প্রদান করে।

"নিরাপদ কর্মক্ষেত্র হলো সফল কর্মক্ষেত্র, এবং নিউ ইয়র্ক স্টেট নিউ ইয়র্কের বৈচিত্র্যময় ও সমৃদ্ধ কর্মক্ষেত্রকে সুরক্ষিত রাখতে প্রতিশ্রুতিবদ্ধ," **গভর্নর হোকল বলেন।** "সেফ + সাউন্ড সপ্তাহ চলাকালে আমরা কীভাবে নিউ ইয়র্কের কর্মীদের স্বাস্থ্য উন্নত করতে পারি এবং কর্মক্ষেত্রে আহত হওয়ার ঘটনা প্রতিরোধ করে এমন কর্মসূচির প্রয়োজনীয় সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করতে পারি তার প্রতি মনোযোগ আকর্ষণ করার এই সুযোগটি আমরা কাজে লাগাচ্ছি।"

নিউ ইয়র্ক স্টেট শ্রম বিভাগের কমিশনার রবার্টা রিয়ারডন বলেন, "নিউ ইয়র্ক স্টেট শ্রম বিভাগ সকল কর্মীদের, বিশেষ করে সাধারণ হয়ে উঠতে থাকা চরম তাপের ইভেন্ট থেকেই সুরক্ষিত রাখতে প্রতিশ্রুতিবদ্ধ। আজকে প্রকাশিত আমাদের নির্দেশনাতে ঘরের বাইরে কর্মরত কর্মীদের নিরাপদ রাখার জন্য চাকরিদাতারা কী অতি গুরুত্বপূর্ণ ধাপ গ্রহণ করতে পারে তার

রূপরেখা প্রদান করা হয়েছে। একত্রে আমরা আরো নিরাপদ কর্মক্ষেত্র তৈরি করছি এবং পুরো নিউ ইয়র্ক স্টেটে স্বাস্থ্য ও নিরাপত্তার সংস্কৃতি তৈরি করছি।"

কর্মীদের স্বাস্থ্য ও নিরাপত্তাকে তুলে ধরা অন্যান্য উদ্যোগ ও কর্মসূচির মধ্যে রয়েছে **স্টেটের কর্মী ক্ষতিপূরণ বোর্ডের (Workers' Compensation Board)** বিনামূল্যের ওয়েবিনার যা নিউ ইয়র্কবাসীকে অতি গুরুত্বপূর্ণ অধিকার ও সুরক্ষা সম্পর্কে বুঝতে সাহায্য করবে। সেফ + সাউন্ড সপ্তাহের জন্য বোর্ড বাফেলো AFL-CIO কেন্দ্রীয় শ্রম পরিষদ (Buffalo AFL-CIO Central Labor Council) - কমিউনিকেশন্স অফ আমেরিকা লোক্যাল 1168 (Communications of America (CWA) Local 1168) এর স্বাস্থ্য ও নিরাপত্তার পরিচালক ডেনিস অ্যাবট আজকে, 12 আগস্ট, কর্মীদের নিরাপত্তার বিষয়ে একটি ওয়েবিনার আয়োজন করবেন।বিষয়বস্তুর মধ্যে থাকবে কর্মক্ষেত্রে নিরাপত্তা, কর্মীর অধিকার ও সুরক্ষা, শ্রম ব্যবস্থাপনা নিরাপত্তা কমিটি, চাকরিদাতার নিরাপত্তা প্রণোদনার গুরুত্ব, এবং নিউ ইয়র্কবাসীকে কাজে নিরাপদ রাখতে অন্যান্য সেরা অনুশীলন। পাশাপাশি, বোর্ডের আহত কর্মীর অ্যাডভোকেট 13 এবং 27 আগস্ট যথাক্রমে মাসিক কর্মীদের ক্ষতিপূরণ 101 এবং 202 ওয়েবিনার আয়োজন করবে, যা কর্মী ক্ষতিপূরণ আইনের (Workers' Compensation Law) অধীনে নিজেদের অধিকার বুঝতে এবং ভাতার দাবি কীভাবে দায়ের করতে হবে তা বুঝতে কর্মীদের সাহায্য করবে। নিবন্ধনের লিংকসহ এইসব ওয়েবিনার সম্পর্কে তথ্য বোর্ডের ওয়েবসাইটের আসন্ন ওয়েবিনার পেজে পাওয়া যাবে। ওয়েবিনারের পর বোর্ডের ওয়েবসাইটে রেকর্ডিং পোস্ট করা হবে।

নিউ ইয়র্কের রাস্তা ও ব্রিজে কর্মীদের নিরাপদ রাখার জন্য একাধিক মুখ্য উদ্যোগে **নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ে কর্তৃপক্ষ (New York State Thruway Authority), নিউ ইয়র্ক স্টেট পরিবহন বিভাগ (Department of Transportation, DOT), স্টেট পুলিশ (State Police) এবং গভর্নরের ট্র্যাফিক নিরাপত্তা কমিটি (Governor's Traffic Safety Committee, GTSC)** সহযোগিতা করছে। এর মধ্যে রয়েছে স্বয়ংক্রিয় ওয়ার্ক জোন গতিসীমা বলবৎকরণ (Automated Work Zone Speed Enforcement) কর্মসূচি, সম্প্রসারিত মুভ ওভার আইন (Move Over Law), এবং অপারেশন হার্ড হ্যাট (Operation Hard Hat)। স্বয়ংক্রিয় ওয়ার্ক জোন গতিসীমা পর্যবেক্ষণ উদ্যোগটির উদ্দেশ্য হচ্ছে গতিসীমার বেশি গতিতে চলমান যানবাহনকে সনাক্ত করার জন্য রাডার ব্যবহারের মাধ্যমে ওয়ার্ক জোনে মোটরচালকদের গতি ধীর করা। গত বছর, রেকর্ড করা সর্বোচ্চ গতি ছিলো ফিঙ্গার লেকসের রুট 104 এর বিস্ময়কর ঘণ্টায় 139 মাইল গতি। এই বছর, নিউ ইয়র্ক সিটির ইন্টারস্টেট 95 এ সর্বোচ্চ গতি রেকর্ড করা হয়েছে যা ঘণ্টায় 117 মাইল গতি। অপারেশন হার্ড হ্যাটে স্টেটের ট্রুপার এবং স্থানীয় পুলিশ অফিসারগণ হাইওয়ে রক্ষণাবেক্ষণ কর্মীর পোশাক পরিধান করে সক্রিয় ওয়ার্ক জোনে অবস্থান করে যাতে তারা DOT এর সক্রিয় ওয়ার্ক জোনে গতিসীমা লঙঘন করা মোটরচালকদের সনাক্ত ও তাদের ব্যাপারে জানাতে পারে। এখন পর্যন্ত 2024 সালে এই কর্মসূচির অধীনে আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সিসমূহ 1,447টি টিকেট প্রদান করেছে।

নিউ ইয়র্ক স্টেটের কৃষি ও বাজার বিভাগের (Department of Agriculture and Markets, AGM) ওয়েবসাইটে নির্দেশনা রয়েছে যা চরম তাপের প্রভাব প্রশমন করার জন্য গুরুত্বপূর্ণ প্রতিরোধমূলক ব্যবস্থা খামারের কর্মীদেরকে জানায়। এছাড়াও বিভাগটি সম্প্রতি খামারের মালিক ও কর্মীদের জন্য তাপ সংক্রান্ত অসুস্থতা বিষয়ক একটি নতুন ওয়েবিনার আয়োজন করার জন্য নিউ ইয়র্ক কৃষি ওষুধ ও স্বাস্থ্য কেন্দ্রের (New York Center for Agricultural Medicine and

Health, NYCAMH) সাথে অংশীদারিত্ব করেছে। AGM এর ইউটিউব পেজে দেখার জন্য উপলভ্য থাকা এই প্রেজেন্টেশনটিতে বর্তমান ও আসন্ন তাপ মানদণ্ড; নতুন পেশাদারি নিরাপত্তা ও স্বাস্থ্য প্রশাসন (Occupational Safety and Health Administration, OSHA) প্রস্তাবিত নিয়ম ও কর্মীবাহিনীর বিবেচনার বিষয়; তাপের অসুস্থতার চিহ্ন, লক্ষণ, ও ফার্স্ট এইড; এবং খামারের কর্মীদের জন্য উপলভ্য সংস্থানসহ প্রতিরোধের কৌশলের মতো বিষয় রয়েছে। পাশাপাশি, গুরুত্বপূর্ণ কর্মী নিরাপত্তা কর্মসূচি বাস্তবায়ন করার জন্য বিভাগটি NYCAMH কে তহবিল প্রদান করে, যেমন জন মে খামার নিরাপত্তা তহবিল (John May Farm Safety Fund) এবং জাতীয় রোলওভার সুরক্ষা কাঠামো (National Rollover Protection Structures, ROPS) রিবেট কর্মসূচি। এছাড়া AGM NY ফার্মনেটকে (NY FarmNet) তহবিল প্রদান করে, যা কৃষি শিল্পখাতকে সমর্থন করার জন্য অতি গুরুত্বপূর্ণ সেবা প্রদান করে, যেমন অর্থ পরিকল্পনা এবং মানসিক স্বাস্থ্য সমস্যায় জন্য একটি হটলাইন।

নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগ (Department of Health) একাধিক উদ্যোগের মাধ্যমে কর্মীদের স্বাস্থ্য সুরক্ষিত রাখতে কাজ করে, যেমন দেশের একমাত্র স্টেটভিত্তিক পেশাদারি স্বাস্থ্য ক্লিনিক নেটওয়ার্ক, নিউ ইয়র্ক স্টেট পেশাদারি স্বাস্থ্য ক্লিনিক নেটওয়ার্কের (New York State Occupational Health Clinic Network) বৈজ্ঞানিক ও প্রশাসনিক তত্ত্বাবধান ও সমন্বয়; হেভি মেটাল রেজিস্ট্রির (Heavy Metals Registry) মাধ্যমে কর্মক্ষেত্রে সীসার উপস্থিতি সনাক্ত করা; এবং অতি সম্প্রতি স্টেটের স্বাস্থ্য বিভাগ নিউ ইয়র্ক স্টেটের জন্য চরম তাপ কর্মপরিকল্পনা (Extreme Heat Action Plan) তৈরি করতে একটি বহু এজেন্সির প্রয়াসে যোগদান করেছে, যেখানে কর্মীদের তাপ সম্পর্কিত অসুস্থতা প্রতিরোধ করার জন্য কর্মপরিকল্পনার মাধ্যমে কর্মীর স্বাস্থ্য সমস্যার সমাধান করা হবে।

নিউ ইয়র্ক স্টেট কর্মী ক্ষতিপূরণ বোর্ডের প্রধান ক্ল্যারিসা রড্রিগেজ বলেন, "আহত হতে হবে এমন আশঙ্কা নিয়ে কেউ কাজে যায় না। তারা সেখানে জীবিকা উপার্জন করতে, নিজেদের ও নিজেদের পরিবারকে সমর্থন করতে যায়, এবং চাকরিরত অবস্থায় তাদের স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিত করতে আমাদের পক্ষে যা কিছু করা সম্ভব তা করা অতি গুরুত্বপূর্ণ। বোর্ডের বিনামূল্যের ওয়েবিনারের মাধ্যমে আমরা এমন তথ্য প্রদান করার আশা করছি যা চাকরিদাতাদেরকে তাদের দায়িত্ব সম্পর্কে শিক্ষিত করবে এবং কর্মচারীদের আরো নিরাপদ কর্মক্ষেত্রের দাবি করার ক্ষমতা প্রদান করবে।"

থ্রুওয়ে কর্তৃপক্ষের (Thruway Authority) ভারপ্রাপ্ত নির্বাহী কর্মকর্তা ফ্র্যাঙ্ক জি. হোয়ার এস্কয়ার বলেন, "থ্রুওয়ে কর্তৃপক্ষে আমরা যা কিছু করি সবকিছুর কেন্দ্রে রয়েছে নিরাপত্তা এবং আমাদের নির্দেশনা নীতিমালার এটি প্রথম স্তম্ভ। বছরের শুরু থেকেই কর্তৃপক্ষের কর্মচারী নিরাপত্তা এবং স্বাস্থ্য বিভাগ কয়েক ডজন নিরাপত্তা প্রশিক্ষণ ও বৈঠক সম্পন্ন করেছে, ওয়ার্ক জোনে নিরাপত্তা বৃদ্ধির জন্য নিরাপত্তা স্ট্যান্ডডাউন ও টেইলগেট আলোচনার ব্যবস্থা করেছে, 200টির বেশি পরিদর্শন ও তদন্ত সম্পন্ন করেছে, এবং স্টেটব্যাপী কর্মীদের জন্য প্রথম এইড/CPR/AED/স্টপ দ্য ব্লিড এবং মনস্তাত্ত্বিক ফার্স্ট এইড প্রশিক্ষণ শুরু করেছে। নিরাপত্তা ও স্বাস্থ্য কেন্দ্রীয় মূল্যবোধ হবে এমন একটি সংস্কৃতি তৈরি করার জন্য আমাদের লক্ষ্য অব্যাহত রয়েছে।"

নিউ ইয়র্ক স্টেট পরিবহন বিভাগের কমিশনার ম্যারি টেরেস ডমিঙ্গেজ বলেন, "DOT তে আমাদের দলের সদস্যদের নিরাপত্তার থেকে বেশি গুরুত্বপূর্ণ আর কোনো কিছু নয় এবং পুরো স্টেটের আমাদের রাস্তা ও ব্রিজে কাজ করার সময় কর্মীদের নিরাপদ রাখার জন্য অপারেশন হার্ড হ্যাট ও আমাদের ওয়ার্ক জোনের গতিসীমা বলবৎকরণ উদ্যোগ বিশেষভাবে নকশা করা হয়েছে। ভ্রমণকারী জনতাকে আমরা এটি মনে রাখতে উৎসাহিত করছি যে আক্ষরিক অর্থেই জীবন এখানে ঝুঁকিপূর্ণ এবং ওয়ার্ক জোনের মধ্যে গাড়ি চালানোর সময় গতি ধীর ও মনোযোগ প্রদান করতে হবে।"

স্টেটের কৃষি কমিশনার রিচার্ড এ বল বলেন, "নিউ ইয়র্কের কৃষি কর্মীরা আমাদের খাদ্য ব্যবস্থায় একটি অতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে এবং আমাদের পরিবারসমূহের কাছে তাজা, স্থানীয় খাদ্যের অ্যাক্সেস নিশ্চিত করতে তারা অত্যাবশ্যকীয় কর্মী। আমাদের কৃষি কর্মীদের স্বাস্থ্য ও নিরাপত্তার উদ্দেশ্য একাধিক কর্মসূচি প্রদান করা বহু সংখ্যক কৃষি সংগঠনের সাথে অংশীদারিত্ব করতে পেরে কৃষি ও বাজার বিভাগ গর্বিত, এবং খাদ্য সরবরাহ চেইনকে বলীয়ান করা এবং আমাদের শিল্পখাতকে বিকশিত করার আমাদের এক লক্ষ্য অর্জনে আমরা একত্রে কাজ করছি।"

নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগের কমিশনার ডাঃ জেমস ম্যাকডোনাল্ড বলেন, "প্রত্যেক নিউ ইয়র্কবাসীর এমন কর্মক্ষেত্রে প্রাপ্য যেখানে তাদের স্বাস্থ্য ও নিরাপত্তাকে গুরুত্ব প্রদান করা হয়। কর্মক্ষেত্রের বহু আহত হওয়ার ঘটনা ও অসুস্থতা প্রতিরোধ করা যায়, সেজন্য পেশাদারি স্বাস্থ্য ও নিরাপত্তা সমস্যার সমাধান করতে কর্মী, চাকরিদাতা এবং স্বাস্থ্যসেবা প্রদানকারীদের জন্য কার্যকর প্রতিরোধ কৌশল ও শিক্ষার বিকাশ করতে স্টেটের স্বাস্থ্য বিভাগ ব্যবসা ও সম্প্রদায়ের সাথে নিযুক্ত রয়েছে। নিউ ইয়র্কের নিবেদিত কর্মক্ষেত্র এবং প্রতিরোধযোগ্য বিপদমুক্ত থাকা, চরম আবহাওয়ার ইভেন্ট চলাকালে নিরাপদ থাকা এবং তাদের কর্মক্ষেত্রকে প্রকৃতপক্ষে নিরাপদ করা নিশ্চিত করতে যথাযথ নিরাপত্তা প্রশিক্ষণ ও শিক্ষার সুযোগ পাওয়ার ব্যাপারে তাদের অধিকারকে স্বীকৃতি প্রদানের আদর্শ সময় সেফ এবং সাউন্ড সপ্তাহ।"

সেফ + সাউন্ড সপ্তাহ সম্পর্কে

সেফ + সাউন্ড সপ্তাহ দেশব্যাপী একটি ইভেন্ট যা কর্মক্ষেত্রের স্বাস্থ্য ও নিরাপত্তা কর্মসূচির সাফল্যকে স্বীকৃতি প্রদান করতে এবং কীভাবে আমেরিকার কর্মীদের নিরাপদ রাখা যায় সে সম্পর্কে তথ্য ও ধারণা প্রদান করার জন্য প্রতি আগস্ট মাসে আয়োজিত হয়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন